সান্ধ্য জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper :www.epaper.jagobangla.in /DigitalJagoBangla /jagobangladigital /jago_bangla www.jagobangla.in

সেরা কলকাতা

বিশ্বের সেরা ১০ বিমানবন্দরের তালিকায় স্থান কলকাতা বিমানবন্দরের। দেশের মধ্যে দ্বিতীয় লাভজনক বিমানবন্দর হিসেবেও স্বীকৃতি পেল নেতাজি সুভাষ আন্তর্জাতিক বিমানবন্দর

দু'দিন পরেও নিখোঁজ দিব্যা পাহুজার দেহ, বাড়ছে রহস্য



লুধিয়ানায় উড়ালপুলে তেলের ট্যাঙ্কার উলটে ভয়াবহ আগুন



বর্ষ - ১, সংখ্যা ২২৩ ● ৪ জানুয়ারি, ২০২৪ ● ১৮ পৌষ ১৪৩০ ● বৃহস্পতিবার ● ২ পাতা ● Vol. 1, Issue - 223 ● JAGO BANGLA ● THURSDAY ● 4 JANUARY, 2024 ● 2 Pages

বৈপ্লবিক সিদ্ধান্ত মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের

৯০ শতাংশের বেশি পাট শ্রমিক স্থায়ী হবেন, ঘোষণা শ্রমমন্ত্রীর

প্রতিবেদন : চটকল শিল্পে বৈপ্লবিক সিদ্ধান্ত মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের। পাট শিল্পের সঙ্গে জড়িত অস্থায়ী কর্মীদের ৯০ শতাংশই এবার স্থায়ী হবে।

বৃহস্পতিবার নবমহাকরণে সাংবাদিক বৈঠক করে একথা জানালেন শ্রমমন্ত্রী মলয় ঘটক। তিনি বলেন, এতদিন শুধু শ্রমিক উন্নয়নের গল্প শুনিয়ে এসেছে বামেরা কিন্তু আসল উন্নয়ন করে দেখাল মা-মাটি-মানুষের সরকার।

চটকল শ্রমিকদের বেতন বৃদ্ধি রাজ্য সরকারের উদ্যোগে এবার একটি সঠিক জায়গা পেল। ঠিক হয়েছে এবার নতুন যে শ্রমিক কাজে যোগ দিচ্ছেন তাঁর বেতন হবে ১৪,০৬৬ টাকা। যা আগের থেকে ৩৫৬২ টাকা বেশি। এটি পাট শ্রমিকদের কাছে অভাবনীয় বিষয়। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের

জুট শ্রমিকদের ঐতিহাসিক বেতন চুক্তিপত্র হাতে নিয়ে মন্ত্রী মলয় ঘটক, ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, সোমনাথ শ্যাম, তীর্থঙ্কর সেনগুপ্ত প্রমুখ। বৃহস্পতিবার।

নির্দেশে এবং তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে চটকল শ্রমিকদের জন্য হল এই ঐতিহাসিক চুক্তি। তাঁদের সমস্ত দাবিকে মান্যতা দেওয়া হয়েছে এই চুক্তিতে।

বেতনবৃদ্ধির পাশাপাশি নেওয়া হয়েছে একটি উল্লেখ্যযোগ্য সিদ্ধান্ত। তা হল, ১৫ বছর যে শ্রমিক কাজ করবেন তাঁর স্পেশাল বদলি এবং পরে স্থায়ীকরণ এবং ২০ বছর যিনি কাজ করছেন তাঁর চাকরি স্থায়ী করা হবে। এছাড়াও এছাড়াও গৌরীপুর এবং নিউ সেন্ট্রাল জুটমিল খোলার উদ্যোগ নেওয়া হচ্ছে বলেও জানান মন্ত্রী। এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন আইএনটিটিইউসির রাজ্য সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, আইএনটিটিইউসি অনুমোদিত অল বেঙ্গল তৃণমূল জুট অ্যান্ড টেক্সটাইল ইউনিয়নের ওয়ার্কার্স ইউনিয়নের সভাপতি বিধায়ক সোমনাথ শ্যাম, এডিএল লেবার কমিশনার তীর্থঙ্কর সেনগুপ্ত। চটকলের সমস্যা প্রসঙ্গে বলতে গিয়ে এদিন কেন্দ্রের প্রতি তীব্র ক্ষোভ উগরে দেন আইএনটিটিইউসির রাজ্য সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায়।

তিনি বলেন, কেন্দ্র জুটকে অগ্রাধিকার না দিয়ে সিন্থেটিক দ্রব্যকে তুলে ধরছে। এর ফলেই সমস্যা হয়েছে। তবে সমস্ত চক্রান্তের যোগ্য জবাব দিল রাজ্যের এই ঐতিহাসিক চুক্তি। (এরপর ২ পাতায়)

আদালতে খারিজ রক্ষাকবচের আবেদন

গ্রেফতারের সম্ভাবনা কেন্দ্রীয় মন্ত্রী নিশীথের

প্রতিবেদন : আদালতে রক্ষাকবচ পেলেন না অমিত শাহের ডেপুটি নিশিথ প্রামাণিক। একটি খুনের মামলায় আগাম জামিনের আবেদন না মঞ্জুর করল জলপাইগুড়ির সার্কিট বেঞ্চ। দেশের স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিকের রক্ষাকবচের আবেদন নাকচ হওয়ায় কিছুটা বিপাকে পড়লেন তিনি এবং তাঁর দল বিজেপি। এখন নিশীথকে গ্রেফতার করায় কোনও বাধা রইল না। ২০১৮ সালে কোচবিহারের দিনহাটায় এক ব্যক্তির উপর নিশীথ প্রামাণিকের নির্দেশে গুলি চালানো হয় বলে অভিযোগ। তাঁর বিরুদ্ধে খুনের চেষ্টার অভিযোগে মামলা দায়ের হয়। সেই মামলায় গ্রেফতারি পরোয়ানাও জারি হয়। নিশীথ প্রামাণিকের রক্ষাকবচ চেয়ে বৃহস্পতিবার জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের বিচারপতি রাই চট্টোপাধ্যায় এবং সূর্যপ্রকাশ কেসরওয়ানির ডিভিশন বেঞ্চে আবেদন জানান নিশীথ প্রামাণিকের আইনজীবী। কিন্তু তাঁর আগাম জামিনের আবেদন না মঞ্জুর করেন বিচারপতিদ্বয়।

জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের সহকারী সরকারি আইনজীবী অদিতিশঙ্কর চক্রবর্তী জানান, ডিভিশন বেঞ্চ এদিন রক্ষাকবচের আবেদন নাকচ করে দিয়ে ২২ জানুয়ারি পরবর্তী শুনানির দিন ধার্য করেছেন। রক্ষাকবচ নাকচ হয়ে যাওয়ায় চাইলে পুলিশ নিশীথ প্রামাণিককে গ্রেফতার করতে পারবে বলে সহকারী সরকারি আইনজীবী অদিতিশঙ্কর চক্রবর্তী জানিয়েছেন।

শুরু কবিতা উৎসব

উৎসবের সূচনায় ব্রাত্য বসু, ইন্দ্রনীল সেন, শীর্ষেন্দু মুখোপাধ্যায়, সুবোধ সরকার, ব্রততী বন্দ্যোপাধ্যায় প্রমুখ।

প্রতিবেদন : শুরু হল বাংলা ভাষার বৃহত্তম কবিতা পার্বণ 'কবিতা উৎসব'। আজ রবীন্দ্রসদন প্রাঙ্গণের একতারা মুক্তমঞ্চে উৎসবের উদ্বোধন করেন রাজ্যের মন্ত্রী ব্রাত্য বসু। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী ইন্দ্রনীল সেন। বিশেষ অতিথি সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়। ছিলেন সংস্কৃতি অধিকর্তা কৌশিক বসাক, প্রণতি ঠাকুর, ব্রততী বন্দ্যোপাধ্যায়, সুতপা বন্দ্যোপাধ্যায়। সভাপতিত্ব করেন পশ্চিমবঙ্গ কবিতা আকাদেমির সভাপতি কবি সুবোধ সরকার। উদ্বোধনী অনুষ্ঠানে প্রদান করা হয় কয়েকটি সম্মাননা। পশ্চিমবঙ্গ কবিতা আকাদেমি প্রবর্তিত বাংলা ভাষার সর্বোচ্চ কবিতা পুরস্কার 'জীবনানন্দ দাশ সম্মাননা' পেলেন কবি, অনুবাদক, প্রাবন্ধিক, সম্পাদক, গবেষক দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়। (এরপর ২ পাতায়)

ট্রাক ধর্মঘট চলছে তুলতে ব্যর্থ কেন্দ্র

প্রতিবেদন : এখনও মেলেনি সমাধানসূত্র। তবে চাপের মুখে অনেকটা পিছু হটেছে কেন্দ্রই! ভারতীয় ন্যায় সংহিতা নয়া আইনে 'বিতর্কিত ধারা বহাল হবে না, আইনটি এখনও কার্যকর করা হয়নি। ইউনিয়নের সঙ্গে কথা বলেই সিদ্ধান্ত নেওয়া হবে'। কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিবের সঙ্গে বৈঠকের পর এমনটাই দাবি করেছিলেন ইউনিয়ন নেতারা। তবে না আঁচালে বিশ্বাস নেই, তাই দেশজুড়ে এখনও ধর্মঘট পুরোপুরি তুলে নেওয়ার কোনও আনুষ্ঠানিক ঘোষণা করেনি ক্ষুব্ধ ট্রাকচালকদের সংগঠনগুলি। প্রাথমিকভাবে ৭২ ঘণ্টা ধর্মঘটের ডাক দিয়েছিলেন আন্দোলনকারীরা। তবে সরকার পদক্ষেপ না করলে লাগাতার ধর্মঘটের হুঁশিয়ারি। সেই অবস্থানে এখনও অনড় ট্রাকচালকরা। কারণ, 'হিট অ্যান্ড রান' আইনে এতদিন ২ বছরের সাজা হত। (এরপর ২ পাতায়)

ইতিহাস রোহিতদের

বুমরারও ছয় উইকেট।

কেপটাউন, ৪ জানুয়ারি : ভারত কখনও কেপটাউনে টেস্ট জেতেনি। শুধু তাই নয়, এশিয়ার কোনও দলই কেপটাউনে দক্ষিণ আফ্রিকাকে লাল বলের ক্রিকেটে হারাতে পারেনি। সেই নিউল্যান্ডস স্টেডিয়ামে প্রোটিয়াদের দুর্গে প্রথমবার টেস্ট জিতে ইতিহাস গড়ল ভারত। তাও মাত্র দেড় দিনে। মহম্মদ সিরাজ, জসপ্রীত বুমরার বিধ্বংসী বোলিংয়ের সৌজন্যে দক্ষিণ আফ্রিকাকে (এরপর ২ পাতায়)

শ্যামনগর উৎসবের সূচনায় সুব্রত বক্সি

বৃহস্পতিবার শুরু হয়ে গেল শ্যামনগর উৎসব। উদ্বোধন করলেন তৃণমূল কংগ্রেসের রাজ্য সভাপতি সুব্রত বক্সি। এই উৎসব শ্যামনগরবাসীর আবেগের সঙ্গে জড়িয়ে আছে। জগদ্দল বিধানসভা কেন্দ্রের অন্তর্গত এই উৎসব চলবে আগামী ১০ জানুয়ারি পর্যন্ত। তৃণমূল নেতা সোমনাথ তালুকদারের তত্ত্বাবধানে বিগত ১৫ বছরের রীতি মেনে এই বছরেও আয়োজিত হল এই শ্যামনগর উৎসব ২০২৩। আর সেই মেলা প্রাঙ্গণে উদ্বোধনের আগে মাঠ ঘুরে দেখলেন সাংসদ অর্জুন সিং। বাংলার শিল্প সংস্কৃতিকে বজায় রাখতে একই মঞ্চে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত শিল্পীদের শামিল করা হচ্ছে। বললেন উদ্যোক্তারা।

সান্ধ্য জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

বিকেলের TOP 10

রাজ্য

- বাগনানে বেপরোয়া লরির ধাক্কায় মৃত্যু এসআই ও হোমগার্ডের।
- সপ্তাহান্তে শিয়ালদহ থেকে বাতিল ৩২টি ট্রেন।
- মুর্শিদাবাদের রেজিনগরে উদ্ধার ১১টি তাজা সকেট বোমা।
- হাড়োয়ায় স্বামীকে পুড়িয়ে মারার ঘটনায় অভিযুক্ত স্ত্রী, ১০ বছরের কারাবাস।
- বৃহস্পতিবার সকালে খেজুরিতে পুকুর থেকে উদ্ধার দেহ।
- ফাঁসিদেওয়ার চা-বাগানে চিতাবাঘের হানা, ছড়াল চাঞ্চল্য।
- কামারহাটিতে তৃণমূল কর্মীকে লক্ষ্য করে গুলি দুষ্কৃতীদের।
- গাজলে নিয়ন্ত্রণ হারিয়ে বাসের তলায় বাইক, গুরুতর আহত ২।
- গজলডোবা সেতুতে ভয়াবহ আগুন ডাম্পারে, চাঞ্চল্য এলাকার।
- সেবকের করোনেশন সেতু থেকে ঝাঁপ যুবকের, দেহের খোঁজে পুলিশ।

দেশ

- দুর্নীতির জেরে বন্ধের পথে মোদির সাধের সড়ক প্রকল্প 'ভারতমালা'।
- রাহুল, খাড়্গের উপস্থিতিতে কংগ্রেসে যোগ অন্ধ্রের মুখ্যমন্ত্রী জগন্মোহনের বোন শর্মিলার।
- আমেরিকান রকেটে চেপে মহাকাশ পাড়ি দেবে ইসরো-র কৃত্রিম উপগ্রহ।
- খুনের ৪৮ ঘণ্টা পরেও মেলেনি দিব্যা পাহুজার দেহ, গুরুগ্রামের মডেলের মৃত্যু ঘিরে বাড়ছে রহস্য।
- ৯ রাজ্যে শরিকদের সঙ্গে জোট চায় কংগ্রেস, আলোচনার সিদ্ধান্ত।
- 'পান্নুনকে খুনের চেষ্টা'য় আমেরিকায় গ্রেফতার যুবকের মামলা খারিজ সুপ্রিম কোর্টে।
- গুজরাত: ধর্ষণ থেকে বাঁচতে চলন্ত লরি থেকে ঝাঁপ ৬ ছাত্রীর।
- 'আমিষভোজী রাম বনবাসে শিকার করতেন', শরদপন্থী এনসিপি নেতার মন্তব্যে শুরু বিতর্ক।
- স্বাস্থ্যক্ষেত্রে রক্ত নিয়ে ব্যবসা বন্ধ করতে জারি নির্দেশিকা।
- রামমন্দির উদ্বোধনের আগে গোধরার মতো ঘটনা হতে পারে কর্নাটকে, দাবি কংগ্রেস নেতা বি কে হরিপ্রসাদের।

বিদেশ

- নাশকতা রুখতে সেনা বাংলাদেশে, ভোট রাষ্ট্রপতির।
- 'আইন মেনে উত্তরসূরি নির্বাচন হয়নি', ভোটের আগেই ফের সরব ইমরান!
- ভূমিকম্পের পর দু'দিন ধরে আফটার শক, জাপানে ব্যাহত উদ্ধারকাজ, বাড়ছে মৃতের সংখ্যা।
- ভোট থেকে সরে দাঁড়ালেন ১১ প্রার্থী, এবার সন্ত্রাসের অভিযোগ শেখ হাসিনার 'সহযোগী' জাতীয় পার্টির!
- ইমরান ভোটে লড়তে না পারলেও পাক জনতার প্রথম পছন্দ তাঁর দলই, জানাচ্ছে জনমত সমীক্ষা।
- ইরানে ভয়াবহ বিস্ফোরণ, নিহত শতাধিক! নিশানা ছিল সেনা কমান্ডারের মৃত্যুদিবসের জমায়েত।
- আমিরশাহির মধ্যস্থতায় বন্দি বিনিময় রাশিয়া ও ইউক্রেনের, ঘরে ফিরলেন ৪৭৮ জন।
- হামলার ঝাঁজ বাড়াচ্ছে মস্কো, জয়শংকরকে ফোন ইউক্রেনের 'উদ্বিগ্ন' বিদেশমন্ত্রীর।
- মহাকাশে ভারতের স্যাটেলাইট পাঠাবে মাস্কের স্পেসএক্স, চুক্তি ইসরোর।
- যুদ্ধে শিশু সৈনিক ব্যবহার করছে হামাস? গাজার স্কুলে 'প্রমাণ' পেল আইডিএফ।

খেলা

- টস জিতে ডিন এলগার আগে ব্যাট নেওয়ায় অবাক গাভাসকর।
- ২৪-এর শুরুতে একদিনে ২৩ উইকেট, অবিশ্বাস্য! এক্স হ্যান্ডেলে শচীন।
- ভুবনেশ্বরে জাতীয় আর্টিস্টিক জিমন্যাস্টিকসের দ্বিতীয় দিন ৪৯.৫৫ পয়েন্ট নিয়ে শীর্ষে দীপা কর্মকার।
- মায়োরকাকে ১-০ গোলে হারিয়ে লা লিগার শীর্ষে রিয়াল মাদ্রিদ।
- রোনাল্ডোদের চিন সফরের ম্যাচের টিকিট এক ঘণ্টায় নিঃশেষিত।
- টি-২০ বিশ্বকাপের সূচি প্রকাশ সম্ভবত সোমাবার।
- শ্রীলঙ্কার নতুন টেস্ট অধিনায়ক ধনঞ্জয় ডি'সিলভা।
- বিদায়ী টেস্টের প্রথম ইনিংসে ৩৪ রানে আউট ডেভিড ওয়ার্নার।
- জুনেই পিএসজি ছাড়বেন এমবাপে, দাবি প্রাক্তন ফরাসি তারকা দুগারির।
- নভেম্বরে বর্ডার-গাভাসকর টেস্ট সিরিজে ধারাভাষ্য দেবেন ওয়ার্নার।

অনিবার্য কারণবশত ঋজু দত্তর কলম প্রকাশ করা গেল না। আগামী কাল থেকে যথারীতি।

রাজ্য বিদ্যুৎ বন্টন নিগমের বাল্ক কনজিউমার এবং কর্মীদের পুরস্কৃত করলেন বিদ্যুৎমন্ত্রী অরূপ বিশ্বাস। 'জিরো-অ্যাক্সিডেন্ট' কর্মক্ষেত্র হিসেবে স্বীকৃতি পেল নিগমের আঞ্চলিক অফিসও। বৃহস্পতিবার, বিদ্যুৎভবনে।

নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন এবং রাজ্য নারী ও শিশু কল্যাণ দফতরের যৌথ উদ্যোগে বিশ্ব ব্রেইল দিবসের অনুষ্ঠানে মন্ত্রী ডাঃ শশী পাঁজা। সহযোগিতায় নরেন্দ্রপুর ব্লাইন্ড বয়েজ স্কুল।

বেপরোয়া লরির ধাক্কায় মৃত্যু ২ পুলিশ কর্মীর, আহত আরও ৩

সংবাদদাতা, হাওড়া : লরির ধাক্কায় মৃত্যু হল কর্তব্যরত দুই পুলিশ কর্মীর। বৃহস্পতিবার ভোর রাতে হাওড়ার বাগনান থানার বরুন্দায় ১৬ নম্বর জাতীয় সড়কে(মুম্বই রোড)। পুলিশ জানায়, মৃতেরা হলেন সুজয় দাস(৪৫) ও পলাশ সামন্ত(৩৩)। সুজয় বাগনান থানার সাব-ইন্সপেক্টর ও পলাশ হোমগার্ড ছিলেন। সুজয়ের বাড়ি বেলুড়ে, পলাশ বাগনানেরই বাসিন্দা। ঘটনায় ৩ জন পুলিশ কর্মী গুরুতর জখম হয়েছেন। আহতেরা হলেন শুকদেব বিশ্বাস, অলোক বর ও বক্কর আলি। শুকদেব ও অলোক দু'জনেই বাগনান থানার কনস্টেবল ও বক্কর পুলিশের গাড়ির চালক ছিলেন। ভোর সাড়ে ৩টে নাগাদ টহল দিয়ে বাগনানের দিকে ফিরছিল

সুজয় দাস

পলাশ সামন্ত

পুলিশের গাড়িটি। সেইসময় খড়্গপুর থেকে কলকাতাগামী একটি বেপরোয়া গতির লরি পেছন থেকে পুলিশের গাড়িতে সজোরে ধাক্কা মারে। দুমড়ে মুচড়ে যায় পুলিশের গাড়িটি। বিকট শব্দ শুনে আশপাশের লোকজন ছুটে এসে পুলিশের গাড়ি থেকে আহত পুলিশ কর্মীদের উদ্ধার করে উলুবেড়িয়া মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে যায়। সেখানে সাব ইন্সপেক্টর সুজয় দাস ও হোমগার্ড পলাশ সামন্তকে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। বাকি আহত ৩ জনের মধ্যে ২ জনকে এসএসকেএম হাসপাতালে স্থানান্তরিত করা হয়। মৃত্যুর খবর পেয়ে উলুবেড়িয়ায় আসেন রাজ্য পুলিশের এডিজি (দক্ষিণবঙ্গ) সিদ্ধিনাথ গুপ্তা সহ পুলিশের কর্তারা।

ট্রাক ধর্মঘট চলছে তুলতে ব্যর্থ কেন্দ্র

(প্রথম পাতার পর)
কিন্তু নয়া আইনে এবার ১০ বছরের সাজা পেতে হবে অভিযুক্তদের। এমনকী, জরিমানা অঙ্কও বেড়ে ৭ লক্ষ পর্যন্ত টাকা করা হয়েছে। ট্রাকচালকদের অভিযোগ, দুর্ঘটনার ক্ষেত্রে পথচারীদের গাফিলতি থাকলেও বেশিরভাগ ক্ষেত্রে বড় গাড়িগুলির চালকদের বিরুদ্ধেই মামলা রুজু করা হয়। হিট অ্যান্ড রানের আইন সংশোধনের জেরে তাদের সঙ্গে চূড়ান্ত অন্যায় হচ্ছে বলেই মনে করছেন ট্রাক মালিক সংগঠনগুলি। তাদের দাবি, অধিকাংশ ক্ষেত্রে দুর্ঘটনার জেরে চালকরাও আহত হন। জীবনের ঝুঁকি নিয়ে হাইওয়েতে স্টিয়ারিংয়ে বসেন তাঁরা। ফলে শাস্তি বাড়লে তাঁদের জীবিকা নির্বাহ করা কার্যত অসম্ভব হয়ে পড়বে।

এই ধর্মঘটের প্রভাব পড়বে সাধারণ মানুষের জীবনযাত্রার উপরও। রান্নার গ্যাস থেকে শুরু করে মাছ, মাংস, ফল, সবজি থেকে শুরু করে নিত্যপ্রয়োজনীয় সমস্ত জিনিসপত্রের মূল্যবৃদ্ধির আশঙ্কা করা হচ্ছে। দেশজুড়ে ব্যাপক ট্রাফিক জ্যাম। পেট্রোল পাম্পে ঘণ্টার পর ঘণ্টা লাইন দিয়েও মিলছে না তেল। শীতের মরশুমে প্রভাব পড়েছে পর্যটনেও।

শুরু কবিতা উৎসব

(প্রথম পাতার পর)
এই পুরস্কার শুরু হয়েছিল কবি মণীন্দ্র গুপ্তকে দিয়ে। সুভাষ মুখোপাধ্যায় সম্মাননা পেলেন গৌতম চৌধুরী। যশোধরা রায়চৌধুরী পেলেন সুনীল গঙ্গোপাধ্যায় সম্মাননা এবং সব্যসাচী সরকার পেলেন বিনয় মজুমদার সম্মাননা। কবিদের পাশাপাশি সম্মাননা প্রদান করা হয় বাচিক শিল্পীদেরও। কাজী সব্যসাচী সম্মাননা পেলেন বিজয়লক্ষ্মী বর্মন। নীলাদ্রিশেখর বসু সম্মাননা পেলেন সৌমেন চট্টোপাধ্যায়। আবুল কাশেম রহিমদ্দিন সম্মাননা পেলেন মৌলী দাশগুপ্ত। ৬ জানুয়ারি পর্যন্ত চলবে উৎসব। কলকাতার রবীন্দ্রসদন, শিশির মঞ্চ, বাংলা আকাদেমি সভাঘর, রাজ্য চারুকলা পর্ষদ সংলগ্ন মুক্তমঞ্চ, নন্দন, অবনীন্দ্র সভাঘর এবং একতারা মুক্তমঞ্চে কবিতাপাঠ, আবৃত্তি ও আলোচনায় অংশ নিচ্ছেন রাজ্যের ৭০০ প্রবীণ-নবীন কবি ও বাচিক শিল্পী। পরিবেশিত হবে কবিতার গান।

শুভেচ্ছায় মুছে গেল বিতর্ক

প্রতিবেদন : জন্মদিনের শুভেচ্ছায় ম্লান হয়ে গেল বিতর্ক, মুছে গেল তিক্ততাও। মাত্র সপ্তাহ দুয়েক আগের কথা। উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড়কে মিমিক্রি করার অভিযোগে কিছুটা বিতর্ক দানা বেঁধেছিল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়কে কেন্দ্র করে। কিন্তু বৃহস্পতিবার সেই সাংসদের জন্মদিনেই শুভেচ্ছা জানালেন উপরাষ্ট্রপতি। এখানেই শেষ নয়, সাংসদকে নৈশভোজে আমন্ত্রণও জানালেন। স্বাভাবিকভাবেই আপ্লুত কল্যাণ বন্দ্যোপাধ্যায়। নিজের মুখে তিনি জানিয়েছেন তাঁর এই অনুভূতির কথা। এক্স হ্যান্ডেলে বিষয়টির উল্লেখও করেছেন সাংসদ। তাঁর কথায়, আমার জন্মদিনে উপরাষ্ট্রপতির উষ্ণ অভ্যর্থনার জন্য ধন্যবাদ। তিনি যেভাবে আমার স্ত্রীকে ব্যক্তিগতভাবে টেলিফোন করেছেন এবং আমার পুরো পরিবারকে আশীর্বাদ জানিয়েছেন, তাতে আমি অভিভূত। উনি আমার স্ত্রী ও আমাকে নৈশভোজের জন্যও আমন্ত্রণ জানিয়েছেন দিল্লিতে ওঁর বাসভবনে।কী বলা যেতে পারে একে? উপরাষ্ট্রপতির গান্ধিগিরি!

৯০ শতাংশের বেশি পাট শ্রমিক

(প্রথম পাতার পর)
সোমনাথ শ্যাম জানালেন, রাজ্য সরকার শ্রমিকদের জন্য কী করল এই সবই বোঝাতে চলতি মাস জুড়ে উত্তর থেকে দক্ষিণের প্রতিটি চটকল এলাকায় হবে গেট মিটিং। এছাড়াও ফেব্রুয়ারি ১০ তারিখের মধ্যে বারাকপুরে হবে এক বিশাল জমায়েত, যেখানে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ জানাতে উপস্থিত থাকবেন রাজ্যের সমস্ত চটকল শ্রমিকরা।

ইতিহাস রোহিতদের

(প্রথম পাতার পর)
হারাল টিম ইন্ডিয়া। জয় ৭ উইকেটে। তবে সেঞ্চুরিয়নে রোহিত শর্মার দল প্রথম টেস্ট হারায় সিরিজ ১-১ ফলে অমীমাংসিত থাকল। বুধবার দ্বিতীয় টেস্টের প্রথম দিন সিরাজের (৬ উইকেট) আগুনে বোলিংয়ে ছারখার হয়ে গিয়েছিল দক্ষিণ আফ্রিকার ব্যাটিং। প্রথম ইনিংসে মাত্র ৫৫ রানে গুটিয়ে যায় প্রোটিয়া ইনিংস। জবাবে ভারত প্রথম ইনিংসে করে ১৫৩ রান। দ্বিতীয় ইনিংসে এদিন দক্ষিণ আফ্রিকা ১৭৬ রান করে। সর্বোচ্চ ১০৬ রান আইদেন মার্করামের। বুমরা একাই নেন ৬ উইকেট। প্রথম ইনিংসে ৯৮ রানের লিড থাকায় জয়ের জন্য প্রয়োজনীয় ৭৯ রান ৩ উইকেট হারিয়ে তুলে দেয় ভারত। টেস্ট ক্রিকেটের ইতিহাসে এটি সংক্ষিপ্ততম টেস্ট হিসেবে চিহ্নিত হয়ে থাকল।

ফ্রাইডে রিলিজ

হিন্দি ছবি ■ **সচ কি জিত** : বদলে যাওয়া সমাজ আর দুর্নীতির প্রতিবাদে সরব হওয়া সমাজসেবী এক মানুষের জীবন যুদ্ধে লড়াইয়ের গল্প। ■ **তওবা তেরা জলওয়া:** উত্তরপ্রদেশের প্রেক্ষাপটে ত্রিকোণ প্রেমের গল্প। গদর ২ এর বেশ কিছুদিন পর এক ঝাঁক তরুণের সঙ্গে এই সিনেমায় দেখা যাবে আমিশা পাটেলকে।

সম্পাদক : সুখেন্দুশেখর রায়

● সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত। সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০